জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

স্মরক নং-জঃপৌঃস/প্রকৌঃ/২০২০-২০২১/ ১৪

তারিখ ঃ 02/07/2020 ইং

## সভার নোটিশ

এতদ্বারা জয়পুরহাট পৌরসভার নারী ও শিশু বিষয়ক কমিটির সম্মানিত সদস্যগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত আলোচ্য সূচীতে আগামী ১২/০৭/২০২০ ইং তারিখ রোজঃ রবিবার সময়ঃ বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে নারী ও শিশু বিষয়ক কমিটির এক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী ঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
২। কোভিড-১৯ (করোনা ভাইরাস) বিষয়ে নারী ও শিশুদের সচেতন করণ বিষয়ে আলোচনা।
৩। অসহায় দুস্থ নারীদের ঔষধ ও আর্থিক সহায়তা প্রদান।

সভাপতি
নারী ও শিশু বিষয়ক কমিটি
ও
কাউন্সিলর (সংরক্ষিত আসন)
জয়পুরহাট পৌরসভা।

প্রাপক ঃ

.........................................................

.........................................................

জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

## নারী ও শিশু বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভার স্থান ঃ পৌর মিলনায়তন
তারিখ ঃ ১২/০৭/২০২০ইং
রোজ ঃ রবিবার।
সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা

**উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ**

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০২ | মোছাঃ রোজী বেগম | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | মোছাঃ শাম্মীম আজিজ | কাউন্সিলর (সংরক্ষিত-২), জঃপৌঃসঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | মোঃ সাহেদুল আহসান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | মোছাঃ ফেন্সীআরা | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জঃপৌঃসঃ | সভাপতি | - |

মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা। অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালন করেন।

অদ্যকার সভায় সভাপতি বিশেষ কারনে সভায় উপস্থিত থাকতে না পারায়, তাঁর অনুপস্থিতে এ কমিটির অন্যতম সদস্য মিসেস রোজী বেগম, কাউন্সিলর, সংরক্ষিত-১, জয়পুরহাট পৌরসভা সভাপত্বিতে কমিটি সভা অনুষ্ঠিত হয়। তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

**১নং আলোচ্য বিষয় ঃ গত সভার রেজুলেশন পঠন ও অনুমোদন প্রসঙ্গে।**

**সিদ্ধান্ত ঃ** সভায় উপস্থিত সকলের অবগতির জন্য গত সভার রেজুলেশন পাঠ করেন অত্র কমিটির সাচিবিক দায়িত্বে নিয়োজিত জনাব মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা, বিভিন্ন বিষয় পর্যালোচনা অন্তে কোন রূপ সংশোধনী ছাড়াই তাহা সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়।

**২নং আলোচ্য বিষয় ঃ কোভিড-১৯ (করোনা ভাইরাস) বিষয়ে নারী ও শিশুদের সচেতন করণ বিষয়ে আলোচনা।**

আলোচনা ঃ সভাপতি আলোচ্য বিষয়ে বলেন, আপনারা অবগত আছেন আমাদের দেশে গত মার্চ/২০২০ মাস থেকে করোনা ভাইরাসের প্রাদুর্ভাব দেখা দিয়েছে, বর্তমান সময়েও এ ভাইরাসের প্রভাব বিদ্যমান, তাই সবাইকে সচেতন থাকতে হবে। আমরা জানি এই ভাইরাস বাহিত রোগের কোন প্রতিষেধক এখনো পৃথিবীতে আবিস্কার হয়নি এবং এই রোগ থেকে প্রতিকারের একমাত্র উপায় স্বাস্থ্যবিধি মেনে সচেতন থাকা। তাই প্রতিকারের বিষয়ে পৌর এলাকার বিশেষ করে দরিদ্র এলাকা গুলোতে নারী ও শিশুদের সচেতন করার জন্য এ কমিটির পক্ষথেকে সচেতন করার বিষয়ে অভিমত ব্যক্ত করেন। আলোচ্য বিষয়ে শাম্মীম আজিজ, সদস্য, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি বলেন, বিশেষ করে শিশুদের প্রতি বিশেষ যত্ন নিতে হবে, কেননা শিশুরা ভালভাবে তাদের সমস্যার কথাগুলো বলতে পারে না, তাই করোনা কালীন সময়ে শিশুদের জ্বর, সর্দি দেখা দিলে মায়েদের অধিক যত্নশীল হতে হবে। তিনি আরো বলেন, যেকোন দুর্যোগের সময় শিশু ও বৃদ্ধরা বেশী প্রতিকুল অবস্থার মধ্যে থাকে। বিষয়টি নিয়ে উপস্থিত সদস্যদের মধ্যে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্তঃ** শিশুদের কোভিড-১৯ থেকে নিরাপদে রাখার জন্য মায়েদের সচেতন করা লক্ষ্যে বিভিন্ন ডিজিটাল প্রচার ম্যধমে সচেনতামূলক প্রচারনা এবং আমাদের যেসব মহল্লায় নারীদের নিয়ে সমিতি করা আছে,সে সমিতি সমূহের সভাপতিদের তাদের আওতাধীন এলাকায় স্বাস্থ্যবিধি মেনে নারীদের পরামর্শ দেওয়া যাতে তারা নিজেরা সচেতন থাকে এবং তাদের সন্তানদের নিরাপদে রাখেন।

**৩নং আলোচ্য বিষয় ঃ অসহায় দুস্থ নারীদের ঔষধ ও আর্থিক সহায়তা প্রদান।**

আলোচনাঃ সভাপতি আলোচ্য বিষয়ে বলেন আপনারা অবগত আছেন মেয়র মহোদয় নিয়মিত পৌর এলাকার অসহায় ও দুস্থ নারীদের ডাক্তারের ব্যবস্থাপত্র অনুযায়ী ঔষধ ক্রয় করে দেন। এসব ঔষধ গ্রহীতাদের মধ্যে অনেকে জটিল রোগে ভুগছেন, তাই তাদের নিয়মিত ঔষধ সেবন করতে হয়। তাই মেয়র মহোদয় পৌরসভার আর্থিক সমস্যা থাকার পরও নিয়মিতভাবে ঔষধ ক্রয় করে দেন। এছাড়াও পৌর

এলাকার অনেক দুস্থ মহিলাদের মাসিক ভিত্তিতে ও আবেদনের ভিত্তিতে আর্থিক সহায়তা দিয়ে থাকেন। বিষয়টি নিয়ে উপস্থিত সদস্যদের মধ্যে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত** ঃ অসহায় দুস্থনারীদের ঔষধ ক্রয় ও আর্থিক সহায়তা প্রদানের কাজ নিয়মিতভাবে পৌরসভা হতে পালনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহন করা হয়।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোছাঃ ফেন্সী আরা)
সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং- জঃপৌঃসঃ/প্রঃকৌঃ/ ২০২০-২০২১/ ৪১ তারিখ ঃ ১২/০৭/২০২০ ইং

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো ঃ**

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা।
২। জনাব/জনাবা ........................................................................ সদস্য, নারী ও শিশু বিষয়ক কমিটি ও সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত/সাধারণ আসন, জয়পুরহাট পৌরসভা।
৩। অফিস নথি।

(মোছাঃ ফেন্সী আরা)
সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

### নারী ও শিশু বিষয়ক কমিটি সভার উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

সভাপতি বিশেষ কারনে উপস্থিত না থাকায় সভাপত্বিত করেন মিসেস রোজী বেগম,কাউন্সিলর, সংরক্ষিত-০১,জয়পুরহাট পৌরসভা।

সভার স্থান ঃ পৌর মিলনায়তন।

তারিখ ঃ ১২/০৭/২০২০ ইং।

রোজ ঃ রবিবার।

সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০২ | মোছাঃ রোজী বেগম | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ০৩ | মোছাঃ শাম্মীম আজিজ | কাউন্সিলর (সংরক্ষিত-২), জঃপৌঃসঃ | সদস্য | [signature] |
| ০৪ | মোঃ সাহেদুল আহ্সান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ০৫ | মোছাঃ ফেন্সীআরা | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জঃপৌঃসঃ | সভাপতি | |
| ০৬ | মোঃ সেলিমুর রহমান বাবুল | প্যানেল মেয়র-০১ ও কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-৪, জয়পুরহাট পৌরসভা | মেয়র কর্তৃক মনোনীত | [signature] |